


নম্বর- ০৫.৪৭.৪৯০০.০০১.০২.১০৪.১৭- ৫৫১

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩১  
০৬ ডিসেম্বর ২০২৪

অফিস আদেশ

জনাব নিহার রঞ্জন ব্যানার্জি, সার্টিফিকেট সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম সংযুক্ত প্রটোকল নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। তার পিতা গত ০৯ নভেম্বর, ২০২৪ খ্রি. তারিখে পরলোকগমন করেছেন। তার পিতার অন্ত্যেষ্টিক্রিয়া শেষে অস্থি সংরক্ষণ করায়, ধর্মীয় বিধান ও পারিবারিক ঐতিহ্য মোতাবেক অস্থি ভারতে অবস্থিত পবিত্র গঙ্গা নদীতে বিসর্জন দেয়া প্রয়োজন। বর্ণিত কর্মচারীর ০১ ডিসেম্বর, ২০২৪ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১)(ii) নম্বর বিধি অনুসারে তার অনুকূলে ২১ ডিসেম্বর, ২০২৪ খ্রি. তারিখ হতে ২৭ ডিসেম্বর, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিন অথবা ছুটি ভোগের তারিখ হতে ০৭ (সাত) দিন গড় বেতনে বহিঃবাংলাদেশ (ভারত) অর্জিত ছুটি মঞ্জুরপূর্বক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ভারত ভ্রমণের অনুমতি প্রদান করা হলো:

- (ক) এ ভ্রমণে বাংলাদেশ সরকারের আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) তিনি উক্ত ছুটিকালে তার বেতন ভাতাদি দেশীয় মুদ্রায় প্রাপ্ত হবেন;
- (গ) নেজারত ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম এর পূর্বানুমতিক্রমে বর্ণিত কর্মচারী বহিঃবাংলাদেশ ছুটি ভোগ করবেন;
- (ঘ) তিনি ছুটিকালীন ০১ (এক) বারের বেশি বহিঃবাংলাদেশ গমন করতে পারবেন না এবং;
- (ঙ) এ ভ্রমণের ক্ষেত্রে B.S.R (Part-1) এর Appendix-viii এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে।

  
(নুসরাত সুলতানা)  
জেলা প্রশাসক  
কুড়িগ্রাম

ফোন: ০২৫৮৯৯-৫০০২৫


ই-মেইল: dckurigram@mopa.gov.bd

নম্বর- ০৫.৪৭.৪৯০০.০০১.০২.১০৪.১৭- ৫৫১

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩১  
০৬ ডিসেম্বর ২০২৪

অনুলিপি জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম
০৩. উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম
০৪. নেজারত ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম
০৫. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/স্থল বন্দর, বেনাপোল, যশোর/বুড়িমাড়ি,  
\* লালমনিরহাট/বাংলাবান্ধা, পঞ্চগড়/হিলি, দিনাজপুর
০৬. উপজেলা হিসারক্ষণ অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম
০৭. নিহার রঞ্জন ব্যানার্জি, সার্টিফিকেট সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম সংযুক্ত প্রটোকল  
নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
০৮. অফিস কপি

  
জেলা প্রশাসক  
কুড়িগ্রাম